# Times Today BD

ডেস্ক রিপোর্ট | বরিশাল | 10 April, 2025

পটুয়াখালীর বাউফলে একটি জাতীয় দৈনিকের সাংবাদিক এবং বাউফল রিপোর্টার্স ইউনিটির সভাপতি সিদ্দিকুর রহমানকে দেখে নেওয়ার হুমকি দেওয়ায় পটুয়াখালী জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক হুমায়ুন কবির সোহাগকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করেছে যুবদলের কেন্দ্রীয় কমিটি।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) যুবদলের কেন্দ্রীয় সহ-দপ্তর সম্পাদক মিনহাজুল ইসলাম ভূঁইয়া স্বাক্ষরিত এ নোটিশে আগামী তিন কর্মদিবসের মধ্যে জবাব দিতে বলা হয়েছে। নোটিশে বলা হয়, যুবদলের কেন্দ্রীয় সভাপতি আব্দুল মোনায়েম মুন্না ও সাধারণ সম্পাদক মোহাম্মদ নুরুল ইসলাম নয়নের সম্মুখে হাজির হয়ে সোহাগকে তার আচরণের ব্যাখ্যা দিতে হবে।

ঘটনার সূত্রপাত হয় মঙ্গলবার (৯ এপ্রিল) দুপুরে।বাউফলের ৩ নম্বর ওয়ার্ডের একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণে অনিয়মের বিষয়ে জানতে চেয়ে সাংবাদিক সিদ্দিকুর রহমান ফোনে যোগাযোগ করেন ওই নির্মাণকাজের ঠিকাদার হুমায়ুন কবির সোহাগের সঙ্গে।এ সময় সোহাগ অশ্লীল ভাষায় কথা বলেন এবং দেখে নেওয়ার হুমকি দেন।বিষয়টি গণমাধ্যমে প্রকাশিত হলে ব্যাপক আলোচনা শুরু হয়।

ঘটনার প্রতিবাদে বৃহস্পতিবার দুপুর ১২টায় বাউফল প্রেসক্লাবসহ স্থানীয় সাংবাদিক সংগঠনগুলো উপজেলা পরিষদের ফটকের সামনে এক যৌথ মানববন্ধনের আয়োজন করে।সেখানে বক্তারা সাংবাদিকদের প্রতি এমন আচরণের নিন্দা জানিয়ে বলেন, একজন দায়িত্বশীল রাজনৈতিক নেতার কাছ থেকে এমন আচরণ কাম্য নয়।এ ঘটনায় কঠোর সাংগঠনিক ব্যবস্থা নেওয়া প্রয়োজন। এ ঘটনায় বুধবার (১০ এপ্রিল) সাংবাদিক সিদ্দিকুর রহমান বাউফল থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন।

যুবদল সাংবাদিক পটুয়াখালী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:48

URL: https://www.timestodaybd.com/barishal/951112571